BCC&I
THE BENGAL CHAMBER

# Discussion Forum on Ecological Sustainability in the Industrial Region of Haldia

## 30th November 2021

MEDIA DOSSIER:

Print Media: Anadabazar Patrika, Bartaman, Ei Samay, Sangbad Pratidin, Apanjan, Dindarpan

Electronic Media: TV9 Bangla, Republic Bangla, Haldia News, Bangla Jago,

| Publication: Anandabazar Patrika | Date: 01.11.2021 |
|---|---|
| Edition: Kolkata | Page: 3 |


এক নজরে

আরও খবর, পৃঃ ২



পূর্ব মেদিনীপুর

আনন্দবাজার পত্রিকা



কাটা হচ্ছে খেজুর গাছ হতাশ শিউলিরা ৩


# বেহাল নিকাশি সারানোর দাবি শিল্প সংস্থার


নিজস্ব সংবাদদাতা

হলদিয়া


শিল্প শহরের পরিবেশের উন্নয়ন নিয়ে আলোচনা হল হলদিয়ায়। মঙ্গলবার ‘বেঙ্গল চেম্বার অফ কমার্সে’র আয়োজিত ওই সভায় হলদিয়া পেট্রো কেমিক্যালস, হলদিয়া রিফাইনারি, হলদিয়া এনার্জি লিমিটেড, এক্সাইড, আদানি- সহ শিল্প সংস্থার আধিকারিকেরা উপস্থিত ছিলেন। আলোচনায় শিল্পাঞ্চলের পরিবেশগত নানা সমস্যার কথা উঠে আসে।

এ দিন শিল্প সংস্থাগুলি দাবি করে, বেহাল নিকাশির জন্যই শিল্প তালুকের ফুসফুস ‘গ্রিন বেল্ট’ নষ্ট হচ্ছে। হলদিয়া পেট্রো কেমিক্যালের দাবি, ২০১৯ সাল থেকে এ নিয়ে সমস্যায় ভুগছেন তারা। দাবি করা হয়, বেহাল নিকাশির জন্য এইচ পি এল লিঙ্ক রোড সংলগ্ন উত্তর দিকের সাড়ে সাত কিলোমিটার লম্বা ক্যানেলের মধ্যে বেশিরভাগ সময় দূষিত রাসায়নিক জমা থাকছে। অতি বৃষ্টির সময় ক্যানাল উপচে জল কারাখানা চত্বরেও ঢুকে পড়ে। হলদিয়া এনার্জি লিমিটেডের মুখ্য পরিবেশ বিজ্ঞানী সঞ্জয় চক্রবর্তী বলেন, “ওই ক্যানেল সংস্কার না করলে মাটির নীচের জলও দূষিত করবে।” তাই ক্যানাল সংস্কারের দাবি করা হয়েছে এ দিন।

এ দিন অভিযোগ করা হয়, হলদিয়া উন্নয়ন পর্ষদ, পুরসভা ও দূষণ নিয়ন্ত্রণ পর্ষদকে জানিয়েও সমাধান কিছু হয়নি। এ ব্যাপারে হলদিয়া উন্নয়ন পর্ষদের সিইও হরিশঙ্কর পানিক্কর বলেন, “ওই ক্যানালটির বিষয়ে পর্ষদের বৈঠকে আলোচনা হয়েছে। মিউনিসাপাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট বিষয়টি দেখছে।” হলদিয়ার পুর পারিষদ (নিকাশি) আজিজুর রহমান বলেন, “আমরা বহুবার এইচপিএল-কে যৌথভাবে কাজ করার কথা বলেছি। ওদের সামাজিক দায়বদ্ধতা প্রকল্পের টাকা ব্যয় করার প্রস্তাবও দেওয়া হয়েছে। কিন্তু ওরা টাকা খরচ করতে চায়নি।”

| Publication: Bartaman | Date: 01.11.2021 |
|---|---|

বর্তমান

# সুন্দরবনে ব্যাঘ্র সংরক্ষণ, ম্যানগ্রোভ বাঁচাতে এবার বনদপ্তরকে সহায়তা করবে আইওসি

**সংবাদদাতা, হলদিয়া:** আধুনিক প্রযুক্তি কৌশল শিখিয়ে কাজের সুযোগ তৈরি, শিল্পশহরে দূষণ ও প্রাকৃতিক বিপর্যয় ঠেকাতে একাধিক উদ্যোগের পাশাপাশি এবার সুন্দরবনে বাঘ সংরক্ষণে বনদপ্তরকে সহায়তা করবে আইওসি। মঙ্গলবার হলদিয়ায় বণিকসভা বেঙ্গল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (বিসিসিআই) সভায় একথা ঘোষণা করেন হলদিয়া আইওসি রিফাইনারির এগজিকিউটিভ ডিরেক্টর (ইডি) পার্থ ঘোষ। তিনি বলেন, রাজ্য সরকারের সঙ্গে কর্মসংস্থান, প্রশিক্ষণ, স্বনিযুক্তি, পরিবেশ, শিক্ষার মানোন্নয়ন সহ একাধিক ক্ষেত্রে আইওসি যৌথ উদ্যোগে কাজ শুরু করেছে। শিল্পাঞ্চল ও লাগোয়া গ্রামাঞ্চলের যুবকদের হলদিয়ায় সরকারি আইটিআইয়ের মাধ্যমে ড্রোন অপারেশন, ইন্টারনেট সংক্রান্ত প্রযুক্তি (আইওটি), স্মার্ট হেল্‌থ কেয়ারের মতো আধুনিক বিষয়ে প্রশিক্ষণ দিয়ে কাজের উপযোগী করা হবে। বনদপ্তরের সঙ্গে উপকূল এলাকা জুড়ে বায়ো ডাইভার্সিটি পার্ক, কোস্টাল শেল্টার বেল্ট, মিয়াওয়াকি ফরেস্ট বনাঞ্চল তৈরির মাধ্যমে কর্মসংস্থানের নতুন প্রকল্প হাতে নিয়েছে আইওসি।

আইওসির ইডি জানান, সুন্দরবনের রয়েল বেঙ্গল টাইগার ও ম্যানগ্রোভ অরণ্য বাঁচাতে এবার রাজ্য সরকারের সঙ্গে হাত মেলাচ্ছে আইওসি। অত্যাধুনিক প্রযুক্তি কৌশল প্রয়োগের মাধ্যমে পেট্রলিং ও সারভিলেন্স সিস্টেম অর্থাৎ নজরদারি ব্যবস্থা গড়ে তুলে সুন্দরবনের বাঘ সংরক্ষণে এবার বনদপ্তরকে সহায়তা করবে আইওসি। এজন্য ডাইরেক্টরেট অব ফরেস্টের সঙ্গে যৌথভাবে পদক্ষেপ করা হবে। কারণ সুন্দরবন ওয়ার্ল্ড হেরিটেজ সাইট হিসেবে ঘোষিত। ভারতে যত ধরনের ম্যানগ্রোভ প্রজাতি রয়েছে তার ৯০ শতাংশ সুন্দরবনে রয়েছে। তার মধ্যে বহু প্রজাতি এখন বিলুপ্তির পথে। তাছাড়া চোরাকারবারিদের হাত থেকে বাঘকে বাঁচাতে বা লোকালয়ে বাঘ ঢুকে পড়া ঠেকাতে আধুনিক ব্যবস্থা নেওয়া হবে এই প্রকল্পের মাধ্যমে। আইওসি সূত্রে জানা গিয়েছে, হলদিয়ার দুর্গাচকে সরকারি আইটিআই কলেজে আধুনিক কোর্স পঠনপাঠনের জন্য নতুন বিল্ডিং তৈরি করে দিচ্ছে হলদিয়া আইওসি রিফাইনারি কর্তৃপক্ষ। আপাতত এখানে নতুন প্রযুক্তি কৌশল ও সময়োপযোগী ইক্যুইপমেন্ট ট্রেনিং দেওয়া হবে। ড্রোন অপারেশন, ইন্টারনেট অব থিংস, স্মার্ট হেল্‌থ কেয়ার, মেটাট্রনিক্সের মতো একাধিক নতুন কোর্স পড়ানো শুরু হবে। এর ফলে দেশের বিভিন্ন প্রান্তে কাজের সুযোগ ঘটবে শিক্ষার্থীদের। কচুরিপানাকে কাজে লাগিয়ে দৈনন্দিন ব্যবহারী দ্রব্য তৈরির জন্য নতুন একটি প্রকল্প নিয়েছে আইওসি। হলদিয়ার দুর্গাচক সংলগ্ন বাসুদেবপুর গান্ধী আশ্রমের সরকারি হোমের মহিলাদের এজন্য প্রশিক্ষণ দেওয়া হবে। শুকনো কচুরিপানার ফাইবারকে কাজে লাগিয়ে নানা ধরনের দ্রব্য তৈরি হবে। এর ফলে কচুরিপানাকে কাজে লাগিয়ে বর্জ্য থেকে সম্পদ তৈরির নয়া উদ্যোগের সূচনা হবে। পাশাপাশি, দূষণ ঠেকাতে আইওসি প্ল্যান্টে ২০২২ সাল থেকে ফার্নেস অয়েলের বদলে ন্যাচারাল গ্যাস ব্যবহার শুরু হবে। সেই প্রক্রিয়া এখন থেকে শুরু হয়েছে।

এদিন হলদিয়া শিল্পাঞ্চলের ইকোলজিক্যাল সাসটেনেবিলিটি অর্থাৎ পরিবেশগত ভারসাম্য বা স্থায়িত্ব নিয়ে বিভিন্ন শিল্পসংস্থার মত বিনিময় সভার আয়োজন করে বিসিসিআই। আইওসি, পেট্রকেম, ইন্দোরামা, এক্সাইড, হলদিয়া এনার্জি, হলদিয়া ওয়াটার সার্ভিসেসের মতো ৪০টি ছোট মাঝারি ও বড় সংস্থার কর্মকর্তা, ইঞ্জিনিয়ার ও আধিকারিকরা অংশ নেন। শিল্প সংস্থার কর্মকর্তারা হলদিয়ার পরিবেশ নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তাঁদের আশঙ্কা, যেভাবে দূষণ বাড়ছে, হলদিয়ায় ফের একবার দূষণ নিষেধাজ্ঞা জারি হতে পারে। অভিযোগ, হলদিয়ায় দূষণ নিয়ে স্থানীয় প্রশাসন বা দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের মতো নিয়ন্ত্রক সংস্থাগুলির নজরদারির অভাব রয়েছে। পেট্রকেমের ডেপুটি জেনারেল ম্যানেজার সৌগত মহিন্দ্রা বলেন, বিভিন্ন কারখানার বর্জ্য জলের দূষণে তাঁদের সংস্থার গ্রিনবেল্টের হাজার হাজার গাছ নষ্ট হয়েছে। কিন্তু পুরসভা, দূষণ পর্ষদ, জেলা প্রশাসনকে গত তিন বছর ধরে জানানোর পরও কোনও পদক্ষেপ করা হয়নি।

# কর্মসংস্থানের লক্ষ্যে কচুরিপানা দিয়ে হস্তশিল্পের পরিকল্পনা অয়েল কর্পোরেশনের

Moumita Poddar | Lipi Updated: 30 Nov 2021, 7:06 pm

Subscribe YouTube 47K

আরও বেশি করে কর্মসংস্থানের লক্ষ্যে এবার কচুরিপানা থেকে নানারকম হস্তশিল্প তৈরির ব্যাপারে উদ্যোগ প্রকাশ করল Indian Oil Corporation। শুধু তাই নয়, পরিবেশ দূষণ মোকাবিলায় নেওয়া হচ্ছে আরও...



প্রতীকী ছবি

## হাইলাইটস

- জলাশয়-দূষণমুক্ত করার পাশাপাশি মূলত কর্মসংস্থানের লক্ষ্যেই এই উদ্যোগ।
- দূষণমুক্ত পরিবেশ গড়ে তুলতে ইতিমধ্যে হলদিয়ার আইওসি-র যথেষ্ট অবদান রয়েছে।
- ষণমুক্ত পরিবেশ গড়ে তোলার জন্য যেমন বৃক্ষরোপণ, সৌর বিদ্যুৎ উৎপাদন সহ একাধিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

AD

Adv: কুইজ খেলুন, কয়েন জিতুন




আজকের তাপমাত্রা
29°C
কলকাতা
H 29 / L 19
Partly Cloudy

ঝটিতি আরও পড়ুন



দুনিয়া
ভয়ঙ্কর! দ্বিগুণ হারে বাড়ছে Omicron, ছড়িয়ে পড়েছে ২৩ দেশে
আরও পড়ুন

RECOMMENDED DEALS


RIVER Ashish N Soni Designer Solid Men's Kurta with High...
₹ 2899 GET
₹ 3599 (19% OFF)


RIVER Namrata Joshipura Printed Designer women's tier...
₹ 2899 GET
₹ 3599 (19% OFF)


RIVER Namrata Joshipura Digitally Printed Designer...
₹ 2399 GET
₹ 2999 (20% OFF)

...mrata Joshipura Solid




কোলাঘাটে অগ্নিকাণ্ড

অয়েল কর্পোরেশন (IOC)-এর হলদিয়া শাখা। বন্দরশহরে নদী, খাল-বিল, পুকুরের কচুরিপানা দিয়ে ঘর সাজানোর নানান উপকরণ ব্যাগ, গৃহস্থের অন্যান্য সামগ্রী তৈরি সহ হস্তশিল্প গড়ে তোলার উদ্যোগ নিয়েছে এই তেল সংস্থা। জলাশয়-দূষণমুক্ত করার পাশাপাশি মূলত কর্মসংস্থানের লক্ষ্যেই এই উদ্যোগ বলে জানিয়েছেন হলদিয়া IOC-র এক্সিকিউটিভ অফিসার পার্থ ঘোষ।

জানা গিয়েছে, মঙ্গলবার বেঙ্গল চেম্বার অফ কমার্সের উদ্যোগে হলদিয়ার একটি সেমিনার হলে হলদিয়ার বিভিন্ন শিল্প সংস্থার আধিকারিকদের নিয়ে এক বিশেষ সেমিনারের আয়োজন করা হয়। সেই সেমিনারে বেঙ্গল চেম্বার অফ কমার্সের সভাপতি সঞ্জয় চক্রবর্তী, হলদিয়া এনার্জি লিমিটেড, সহ অন্যান্য শিল্প সংস্থার প্রতিনিধিদের সঙ্গে উপস্থিত ছিলেন হলদিয়া IOC-র এক্সিকিউটিভ অফিসার পার্থ ঘোষ। তিনিই সেই সেমিনারেই বন্দর শহরে কর্মসংস্থান বাড়ানোর লক্ষ্যে কচুরিপানা দিয়ে হস্তশিল্প গড়ে তোলার পরিকল্পনা কথা জানান।


দূষণমুক্ত পরিবেশ গড়ে তুলতে ইতিমধ্যে হলদিয়ার আইওসি-র যথেষ্ট অবদান রয়েছে। সেই প্রসঙ্গ তুলে ধরে এদিন হলদিয়া IOC-র এক্সিকিউটিভ অফিসার পার্থ ঘোষ বলেন, 'আমরা সারা বছর ধরে আমরা সিএসআর-এর টাকা দিয়ে নানা উন্নয়নমূলক কাজ করে চলেছি। দূষণমুক্ত পরিবেশ গড়ে তোলার জন্য যেমন বৃক্ষরোপণ, সৌর বিদ্যুৎ উৎপাদন সহ একাধিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এবার মহিলা ও সাধারণ মানুষদের কাজ দিতে আমরা কচুরিপানা দিয়ে হস্তশিল্প গড়ে তুলতে চাই। এর ফলে যেমন এলাকার নদী, খাল, পুকুর সহ বিভিন্ন জলাশয় থেকে কচুরিপানা মুক্ত করা যাবে, তেমনই কচুরিপানাগুলি দিয়ে ঘর সাজানোর নানান জিনিস, ব্যাগ সহ গৃহস্থের নানা ধরনের উপকরণ তৈরি করা যাবে। বহু মানুষ কাজ পাবে। এলাকার মানুষের কর্মসংস্থানের লক্ষ্যে আমরা এই উদ্যোগ গ্রহণ করেছি। খুব শীঘ্রই এর কাজ শুরু হবে।'



রাজ্যের আরও এক জেলায় মিলল খনিজ তেলের সন্ধান, খনন শুরু ONGC-র


প্রসঙ্গত, সম্প্রতি হাওড়া শহরে প্রশাসনিক বৈঠক থেকে কাশফুল দিয়ে বালিশ, তোষক তৈরি করার পরিকল্পনার কথা জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেটা নিয়ে ইতিমধ্যে গবেষণা শুরু হয়েছে। মুখ্যমন্ত্রীর এই পরিকল্পনার বাস্তবায়ন সম্ভব হলে শিল্পের যেমন একটি নতুন দ্বার উন্মোচিত হবে, তেমনই বহু মানুষের যে কর্মসংস্থান হবে তা নিশ্চিত। মুখ্যমন্ত্রীর সেই পরিকল্পনার মতোই পরিত্যক্ত জলজ উদ্ভিদ কচুরিপানা দিয়ে হলদিয়া IOC যে হস্তশিল্প গড়ে তোলার উদ্যোগ নিয়েছে তা প্রশংসনীয় বলেই জানাচ্ছে ব্যাবসায়িক মহল থেকে ওয়াকিবহাল মহল।


তৃণমূলকে সরাতে পাশে সিপিএমকে চান শুভেন্দু

হলদিয়ায় এদিনের সেমিনারে IOC-
সংস্থার প্রতিনিধিরাও এদিন সেমিনা
হলদিয়ার উন্নয়নে তাঁদের সংস্থার স
দিক তুলে ধরেছেন।



03:09


05:22
'কাঁথিতে অধিকারীদের বিকল্প কেউ নেই!'


03:12
মোবাইল রিচার্জ বাড়ল ২০ শতাংশ!


03:41
মমতা বন্দ্যোপাধ্যায়কে তীব্র কটাক্ষ শুভেন্দু অধিকারীর

BJP-র ৭ নেতা-কর্মীকে

## সুপারিশযোগ্য খবর

এক সপ্তাহের জন্য পিছোতে পারে দক্ষিণ আফ্রিকা সফর

ADV: চলছে সেল, জামাকাপড়ের উপর বিশেষ ছাড়

'নেতৃত্ব কারও স্বর্গীয় অধিকার নয়', রাহুলকে খোঁচা পিকের

স্বাস্থ্যসাথী থেকে সুকন্যা সমৃদ্ধি, এক ক্লিকে সমস্ত সরকারি প্রকল্পের সুলুক সন্ধান

JEE Mains পরীক্ষায় ভৌত বিজ্ঞানের প্রস্তুতি কীভাবে? রইল টিপস

'বিরাট' প্রাপ্তি, শতরানের পরেও মুম্বই টেস্টে অনিশ্চিত শ্রেয়স!

দাম বাড়লেও অন্যদের তুলনায় সস্তা Jio'র প্ল্যান, জানুন

অর্থের অভাবে সন্তানদের পায়ে শিকল! হাপুস নয়নে কাঁদলেন বাবা-মা

পরনে নীল নাইটি, কোমরে লাল গামছা, এবার ভাইরাল রানুর নাচ




...পূর্ণ খবরের আপডেট

যোগ দিন

| Publication: Sangbad Pratidin | Date: 30.11.2021 |
|---|---|



■ হলদিয়ায় শিল্প সংস্থাগুলিকে নিয়ে সেমিনার। —রঞ্জন মাইতি

আলোচনায় সবুজের বার্তা

# হলদিয়ার পরিবেশ রক্ষায় একাধিক পদক্ষেপ আইওসির

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া: হলদিয়া শিল্প তালুকের পরিবেশগত ভালো-মন্দ উঠে এল বাস্তবতত্ত্ব বিষয়ের আলোচনায়। দ্য বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির উদ্যোগে মঙ্গলবার হলদিয়ায় এই সেমিনারের আয়োজন করা হয়। পরিবেশ সুরক্ষায় ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের হলদিয়া রিফাইনারি 'গ্রিন ফুয়েল' উৎপাদন এবং ব্যবহারের পাশাপাশি চারাগাছ রোপন, সৌর বিদ্যুৎ উৎপাদন ইত্যাদি প্রকল্প রূপায়নে বিশেষ জোর দিয়েছে। এদিন সেমিনারে এমন পরিবেশ সুরক্ষা কাজের এমন তথ্য তুলে হলদিয়া রিফাইনারির এক্সিকিউটিভ ডিরেক্টর, তথা প্ল্যান্ট হেড পার্থ ঘোষ বলেন, "হলদিয়ার বালুঘাটায় হলদিয়া রিফাইনারির উদ্যোগে কোস্টাল শেল্টার বেল্ট তৈরি করা হচ্ছে। ম্যানগ্রোভ ফরেস্ট গড়া হচ্ছে হুগলি নদীর বালুচরে। কম জায়গার মধ্যে ঘন বন তৈরি হচ্ছে মহিষাদল রাজবাড়ি চত্বরে। সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পেও পরিবেশ সুরক্ষার জন্য সহযোগিতার হাত বাড়িয়েছে হলদিয়া রিফাইনারি।" হলদিয়া পেট্রোকেমিক্যালস বৃষ্টির জল সংরক্ষণ, নিবিড় বন সৃজন সহ পরিবেশ রক্ষা বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। জানান সংস্থার ডেপুটি জেনারেল ম্যানেজার সৌগত মাহিন্দার। কারখানা এলাকার মধ্যে ওষধি বাগান, প্রজাপতি কুঞ্জ গড়া হয়েছে। পাশে বিশাল ঝিলে পরিযায়ী পাখিদের আনাগোনাও রয়েছে। খাবনার পাশে গ্রামগুলিতে আধুনিক কৃষি বিজ্ঞান ব্যবহারেও তারা জোর দিয়েছেন বলে জানান সংস্থার চিফ ম্যানেজার সঞ্জয় চক্রবর্তী। বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির প্রেসিডেন্ট এবং এক্সাইড ইন্ডাস্ট্রির ম্যানেজিং ডিরেক্টর সুবীর চক্রবর্তী এদিন ভার্চুয়ালি সেমিনারে যোগ দেন। ইন্দোরামা ইন্ডিয়ার সিনিয়র ম্যানেজার অরুণ মণ্ডল, এক্সাইড ইন্ডাস্ট্রির প্রোডাকশন হেড কৃষ্ণকান্ত সিং সহ বিভিন্ন শিল্প সংস্থার প্রতিনিধিরা সেমিনারে উপস্থিত ছিলেন।

| Publication: Apanjon | Date: 01.11.2021 |
|---|---|

Generated by Foxit PDF Creator © Foxit S
http://www.foxitsoftware.com For evaluati

সংবাদ সাপ্তাহিক

# আপনজন

SAMBAD SAPTAHIKAPANJAN (Weekly)
RNI NO. 34400/1982, Postal Regd. No. WB / TMK-18
1 December 2021 ,

○১ ডিসেম্বর ২০২১ ○বুধবার ○ ১৪ অগ্রহায়ণ ১৪২৮

## সুন্দরবনে বাঘ সংরক্ষণে রাজ্যের পাশে আইওসি




নিজস্ব সংবাদদাতা, হলদিয়া, ৩০ নভেম্বর : ওয়ার্ল্ড হেরিটেজ সাইট সুন্দরবনের বাঘ ও ম্যানগ্রোভ অরণ্য বাঁচাতে রাজ্য সরকারের সঙ্গে প্রযুক্তিগত ক্ষেত্রে হাত মেলাচ্ছে আইওসি। আধুনিক প্রযুক্তি কৌশল শিখিয়ে কাজের সুযোগ তৈরি শিল্পশহরে দূষণ ও প্রাকৃতিক বিপর্যয় ঠেকাতে একাধিক উদ্যোগের পাশাপাশি এবার সুন্দরবনে বাঘ সংরক্ষণে বন দপ্তরকে সহায়তা দেবে আইওসি। মঙ্গলবার হলদিয়ায় বণিকসভা বেঙ্গল চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভায় একথা ঘোষণা করেন হলদিয়া আইওসি বি ফ া ই না বি. ব এগজিকিউটিভ ডিরেক্টর (ইডি) পার্থ ঘোষ। তিনি বলেন, রাজ্য সরকারের সঙ্গে কর্মসংস্থান, প্রশিক্ষণ, স্বনিযুক্তি, পরিবেশ, শিক্ষার মানোন্নয়ন সহ একাধিক ক্ষেত্রে আইওসি যৌথ উদ্যোগে কাজ শুরু করেছে। শিল্পাঞ্চল ও লাগোয়া গ্রামাঞ্চলের যুবকদের হলদিয়ায় সরকারি আইটিআইয়ের মাধ্যমে ড্রোন অপারেশন, ইন্টারনেট সংক্রান্ত প্রযুক্তি (আইওটি), স্মার্ট হেল্থ কেয়ারের মতো আধুনিক বিষয়ে প্রশিক্ষণ দিয়ে কাজের উপযোগী করা হবে। বন দপ্তরের

*এরপর দুয়ের পাতায়*

## ফের নিষেধাজ্ঞার আশঙ্কায় শিল্পকর্তারা

*প্রথম পাতার পর*

নজরদারির অভাব রয়েছে। পেট্রকেমের ডেপুটি জেনারেল ম্যানেজার সৌগত মহিন্দ্রা বলেন, বিভিন্ন কারখানার বর্জ্য জলের দূষণে তাঁদের সংস্থার গ্রীণবেল্টের হাজার হাজার গাছ নষ্ট হয়েছে। কিন্তু পুরসভা, দূষণ পর্ষদ, জেলা প্রশাসনকে গত তিন বছর ধরে একাধিকবার জানানোর পরও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। হলদিয়ার জলের গুণগতমান নিয়েও ক্ষোভ প্রকাশ করেন শিল্প আধিকারিকরা। গেঁওখালি জল প্রকল্প থেকে নোনাজল সরবরাহ নিয়ে অভিযোগ জানান তাঁরা। তাঁরা বলেন, গেঁওখালি থেকে



যে জল সরবরাহ করা হয় সেই জলে প্রচুর পরিমাণে ক্লোরাইড থাকে। এছাড়া ওই জলে স্যালিনিটির পরিমাণ বেশি থাকায় প্রতিটি শিল্প সংস্থাকে ওয়াটার ট্রিটমেন্টের জন্য রিভার্স অসমোসিস প্লান্ট তৈরি করতে হয়েছে। শিল্প আধিকারিকরা বিস্মিত, সেমিনারে কোনও প্রশাসন বা দূষণ পর্ষদের প্রতিনিধি উপস্থিত না থাকায়।

| Publication: Dindarpan | Date: 01.11.2021 |
|---|---|

সবার খবর সমান নজর

দিনদর্পণ

indarpan.com ■ RNI NO-WBBEN/2017/74735 ■ বুধবার ২৫ রবিউস সানি ১৪৪৩ হিজরি ■ ১৪ অগ্রহায়ণ ১৪২৮ ■ ১ ডিসেম্বর, ২০২১ ■ ৯৮৭৪৯ ৫৭১২৫

# হলদিয়ায় দূষণ নিয়ে উদ্বিগ্ন শিল্পমহল

**দিন দর্পণ, হলদিয়া:** মঙ্গলবার হলদিয়ার গোল্ডেন রিট্রিট হোটেলে শিল্পাঞ্চলের ইকোলজিক্যাল সাসটেনেবিলিটি অর্থাৎ পরিবেশগত স্থায়িত্ব নিয়ে বিভিন্ন শিল্পসংস্থার মতবিনিময় সভার আয়োজন করে বণিকসভা বেঙ্গল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির(বিসিসিআই)। আইওসি, পেট্রোকেম, ইন্দোরামা, এক্সাইড, হলদিয়া এনার্জি, হলদিয়া ওয়াটার সার্ভিসেসের মতো ৪০টি ছোট মাঝারি ও বড় সংস্থার কর্মকর্তা, ইঞ্জিনিয়ার ও আধিকারিকরা অংশ নেন। শিল্প সংস্থার কর্মকর্তারা হলদিয়ার পরিবেশ নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। হলদিয়ার পরিবেশ নিয়ে সতর্ক করে ফের দূষণ নিষেধাজ্ঞা বা মরাটোরিয়াম জারি হতে পারে বলে আশঙ্কা প্রকাশ করলেন শিল্প আধিকারিকরা। তাঁদের আশঙ্কা, যেভাবে দূষণ বাড়ছে, হলদিয়ায় ফের একবার দূষণ নিষেধাজ্ঞা জারি হতে পারে।

অভিযোগ, হলদিয়া শিল্পাঞ্চলের দূষণ নিয়ে স্থানীয় প্রশাসন বা দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের মতো নিয়ন্ত্রক সংস্থাগুলির নজরদারির অভাব রয়েছে। পেট্রোকেমের ডেপুটি জেনারেল ম্যানেজার সৌগত মহিন্দ্রা বলেন, বিভিন্ন কারখানার বর্জ্য জলের দূষণে তাঁদের সংস্থার গ্রীণবেল্টের হাজার হাজার গাছ নষ্ট হয়েছে। কিন্তু পুরসভা, দূষণ পর্ষদ, জেলা প্রশাসনকে গত তিন বছর ধরে জানানোর পরও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। হলদিয়ার জলের গুণগতমান নিয়েও ক্ষোভ প্রকাশ করেন শিল্প আধিকারিকরা। গেঁওখালি জল প্রকল্প থেকে নোনাজল সরবরাহ নিয়ে অভিযোগ জানান তাঁরা। শিল্প আধিকারিকরা বিস্মিত, সেমিনারে কোনও প্রশাসন বা দূষণ পর্ষদের প্রতিনিধি উপস্থিত না থাকায়।




এদিন হলদিয়া আইওসি রিফাইনারির এগজিকিউটিভ ডিরেক্টর(ইডি) পার্থ ঘোষ বলেন, রাজ্য সরকারের সঙ্গে কর্মসংস্থান, প্রশিক্ষণ, স্বনিযুক্তি, পরিবেশ, শিক্ষার মানোন্নয়ন সহ একাধিক ক্ষেত্রে আইওসি যৌথ উদ্যোগে কাজ শুরু করেছে। শিল্পাঞ্চল ও লাগোয়া গ্রামাঞ্চলের যুবকদের হলদিয়ার সরকারি আইটিআইয়ের মাধ্যমে ড্রোন অপারেশন, ইন্টারনেট সংক্রান্ত প্রযুক্তি(আইওটি), স্মার্ট হেল্থ কেয়ারের মতো আধুনিক বিষয়ে প্রশিক্ষণ দিয়ে কাজের উপযোগী করা হবে। বন দফতরের সঙ্গে উপকূল এলাকা জুড়ে বায়ো ডাইভার্সিটি পার্ক, কোস্টাল সেল্টার বেল্ট, মিয়াওয়াকি ফরেস্ট বনাঞ্চল তৈরির মাধ্যমে কর্মসংস্থানের নতুন প্রকল্প হাতে নিয়েছে আইওসি।

আইওসি সূত্রে জানা গিয়েছে, হলদিয়ার দুর্গাচকে সরকারি আইটিআই কলেজে আধুনিক কোর্স পঠনপাঠনের জন্য নতুন বিল্ডিং তৈরি করে দিচ্ছে হলদিয়া আইওসি রিফাইনারি কর্তৃপক্ষ। আপাতত এখানে নতুন প্রযুক্তি কৌশল ও সময়োপযোগী ইক্যুইপমেন্ট ট্রেনিং দেওয়া হবে। ড্রোন অপারেশন,

■এরপর ২ পাতায়

## হলদিয়ায় দূষণ নিয়ে উদ্বিগ্ন শিল্পমহল

■প্রথম পাতার পর

ইন্টারনেট অব থিংস, স্মার্ট হেল্থ কেয়ার, মেটাট্রনিক্সের মতো একাধিক নতুন কোর্স পড়ানো শুরু হবে। এরফলে দেশের বিভিন্ন প্রান্তে কাজের সুযোগ ঘটবে শিক্ষার্থীদের। কচুরিপানাকে কাজে লাগিয়ে দৈনন্দিন ব্যবহারী দ্রব্য তৈরির জন্য নতুন একটি প্রকল্প নিয়েছে আইওসি। হলদিয়ার দুর্গাচক সংলগ্ন বাসুদেবপুর গান্ধি আশ্রমের সরকারি হোমের মহিলাদের এজন্য প্রশিক্ষণ দেওয়া হবে। শুকনো কচুরিপানার ফাইবারকে কাজে লাগিয়ে নানা ধরনের দ্রব্য তৈরি হবে। এরফলে কচুরিপানাকে কাজে লাগিয়ে বর্জ্য থেকে সম্পদ তৈরির নয়া উদ্যোগের সূচনা হবে। পাশাপাশি, দূষণ ঠেকাতে আইওসি প্ল্যান্টে ২০২২সাল থেকে ফার্নেস অয়েলের বদলে ন্যাচারাল গ্যাস ব্যবহার শুরু হবে। সেই প্রক্রিয়া এখন থেকে শুরু হয়েছে।

## কর্মসংস্থানের লক্ষ্যে কচুরিপানা দিয়ে হস্তশিল্প গড়তে চায় আই ও সি

হলদিয়া: মঙ্গলবার বেঙ্গল চেম্বারের উদ্যোগে হলদিয়ার একটি সেমিনার হলে শিল্প শহর হলদিয়ার শিল্পসংস্থার আধিকারিকদের নিয়ে বিশেষ সেমিনারের আয়োজন করা হয়। সেই সেমিনারে শিল্প শহর হলদিয়ার আই ও সি, হলদিয়া এনার্জি লিমিটেড, সহ অন্যান্য শিল্প সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এদিন সেমিনারে উপস্থি হয়ে হলদিয়া আইওসি এক্সিকিউটিভ অফিসার পার্থ ঘোষ জানান, দূষন মুক্ত পরিবেশ গড়ে তোলার জন্য যেমন বৃক্ষ রোপণ, সৌর বিদ্যুৎ সহ একাধিক পদক্ষেপ গ্রহন করা হয়েছে। সারা বছর ধরে আমরা সি এস আর এর টাকা দিয়ে নানা উন্নয়ন মুলক কাজ করে চলেছি।

এবার মহিলা ও সাধারন মানুষদের কাজ দিতে আমরা কচুরিপানা দিয়ে হস্তশিল্প গড়ে তুলতে চাই। সেখানে যেমন এলাকার খাল, জলাশয় থেকে কচুরিপানা মুক্ত করা যাবে তেমনি কচুরিপানাগুলি দিয়ে নানা ধরনের ঘরসাজানো জিনিস, ব্যাগ সহ নানা ধরনের জিনিস তৈরি করা যাবে। এলাকার মানুষের কর্মসংস্থানের লক্ষ্যে আমরা এই উদ্যোগ গ্রহন করেছি। খুব শিঘ্রই তার কাজ শুরু হবে। এদিনের সেমিনারে উপস্থিত ছিলেন সুবির কুমার চক্রবর্তী, বেঙ্গল চেম্বার অফ কমার্স এর সভাপতি, সঞ্জয় চক্রবর্তী, হলদিয়া এনার্জি লিমিটেড চিফ ম্যানেজার সহ অন্যারা। এদিন শিল্প শহর হলদিয়ার বিভিন্ন শিল্প সংস্থার প্রতিনিধিরা তাদের সংস্থার বিভিন্ন দিকগুলি তুলে ধরেন সেমিনারে।।

**यह वीनस नकली दांतों से 300 गुना बेहतर है! और कीमत बहत सस्ती है**
टूटे, टेढ़े, ढीले दांत! वीनस है इसका उपाए !
(https://click.nativclick.com/move/?i=MzA0MjYsNzM0Mw==&h=88454d09396a4305017e27b3f7e1e57b&t=MTYzODQzNDUzNQ==)

**आप 40 की उम्र में भी लम्बे हो सकते हैं! वैज**
वैज्ञानिकों ने घर पर ही खोजा है ग्रोथ बढ़ाने का राज!
(https://click.nativclick.com/move/?i=MzA2NzQsNzM0Mw==&h=8c905299c8c45b8089a29882b6a8938d&t=MTYzODQzNDUzNQ==)




(https://streetbuzz.co.in/newsapp/storage/attachments/1/1638274539748708_large.jpg)

(https://streetbuzz.co.in/newsapp/home) :

(https://streetbuzz.co.in/newsapp/home) ()1 () () 0

**Eastmedinipur (https://streetbuzz.co.in/newsapp/Eastmedinipur)** ()

Nov 30 2021, 17:44 (https://streetbuzz.co.in/newsapp/view/post:300545)

(https://streetbuzz.


কচুরিপানা দিয়ে হস্তশিল্প
হলদিয়া
Discussion Forum on Ecological
bangla Jago TV


কর্মসংস্থানের লক্ষ্যে অভিনব উদ্যোগ হলদিয়া আইওসি
HALDIA NEWS
Haldia Edition of
Discussion Forum on Ecological
হলদিয়া
অনুগ্রহ করে সাবস্ক্রাইব ও শেয়ার করুন
INFO
Haldiabandar.in
Haldia News
Haldia News
0:13
4:14